ঝিনাইদহ সদর উপজেলা ভূমি অফিসে নতুন এসিল্যান্ডের যোগদান

ঝিনাইদহ সদর উপজেলা ভূমি অফিসে নতুন এসিল্যান্ড হিসাবে সজল কুমার দাস যোগদান করেছেন। ৩৭ তম বিসিএসএর মাধ্যমে তিনি বিসিএস প্রশাসন ক্যাডারে ২০১৯ সালে ফেনী জেলায় জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসাবে যোগদান করেন। সেখান থেকে তিনি চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা ভূমি অফিসে কর্মরত থেকে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন।

সম্প্রতি তিনি ঝিনাইদহ সদর উপজেলা ভূমি অফিসে যোগদান করেছেন। দীর্ঘ তিন মাস পরে অবশেষে নতুন এসিল্যান্ড পেয়ে সেবা গ্রহীতারা আশায় বুক বেধেছে তাদের কাংখিত সেবা পাবে। ইতি মধ্যে নবাগত এসিল্যান্ড সজল কুমার দাসকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে তার দায়িত্বভার বুঝিয়ে দিয়েছেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

নবাগত এসিল্যান্ড সজল কুমার দাস বলেন, আমি সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী ও স্মার্ট জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম স্যারের নির্দেশনা মোতাবেক সদর উপজেলা ভূমি অফিসকে একটি স্মার্ট ভূমি অফিসে রুপান্তরিত করতে চাই। এসময় তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

দীর্ঘদিন ২ বছর পর মুজিবনগর বাসি পেল নতুন এসিল্যান্ড

দীর্ঘদিনের প্রতীক্ষার অবসান হলো মুজিবনগর বাসীর। মুজিবনগর উপজেলার নতুন এসিল্যান্ড হিসাবে যোগ দিয়েছেন মো: নাজমুস সাদাত। তিনি কুষ্টিয়া জেলার খোকসা থানার এসিল্যান্ড হিসেবে কর্মরত ছিলেন। তিনি ঝিনাইদহ জেলার শৈলকুপার সন্তান।

নতুন এসিল্যান্ড নাজমুস সাদাত মুজিবনগরে পৌঁছালে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) রনি খাতুন তাকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান।

মুজিবনগর উপজেলার সর্বশেষ এসিল্যান্ড নাজমুল আলম বদলি হয়েছিলেন ২০২১ সালের ১ জুলাই ।

ঐতিহাসিক মুজিবনগর উপজেলায় ভূমি অফিসে এসিল্যান্ডের পদটি ফাঁকা ছিল প্রায় ২ বছর যাবত। গতি কমে গিয়েছিল ভূমি মিউটেশন সহ ভূমি সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধানে। নতুন এসিল্যান্ড যোগদানের মধ্য দিয়ে গতি বাড়বে উপজেলার ভূমি মিউটেশনে সহ ভূমি সংক্রান্ত বিভিন্ন জটিলতা সমাধানে।